# উপজেলা পরিষদের ডিসেম্বর/২০ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আসাদুজ্জামান আসাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

তারিখ : ২৪/১২/২০২০ খ্রি.

সময় : বেলা ১১:৩০ টায়

উপস্থিত সদস্য-পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির আহবানের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার গত ২৬/১১/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১. উপজেলা পরিষদের এডিপি/রাজস্ব উন্নয়ন/উন্নয়ন তহবিল বিষয়ক আলোচনাঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ক. ২০২০-২০২১ অর্থ বৎসরের এডিপি ও রাজস্ব উন্নয়ন তহবিল সংক্রান্ত আলোচনা | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, অফিসিয়াল কার্য্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২০-২০২১ অর্থ বৎসরের এডিপি উন্নয়নের জন্য ১ম কিস্তি ৪গুন ধরে মোট = ১,১৮,২৮,০০০/- টাকার স্কীম গত অক্টোবর/২০২০ মাসে যাহা অনুমোদিত হয়েছে। তাহার দ্বিতীয় কিস্তি অনুযায়ী বরাদ্দ ১৪.৭৯ লক্ষ টাকা পাওয়া গেছে। সে ক্ষেত্রে পরবর্তী বরাদ্দ অনুযায়ী মোট বরাদ্দ দাড়ায় = ৭৩.৯৪ লক্ষ টাকা। ১ম বারের সম্ভাব্য বরাদ্দ হতে ৪৪.৩৪ লক্ষ টাকা কম। তাই এ ব্যাপারে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের পরামর্শ অনুযায়ী অনুমোদিত স্কীমের বিপরীতে টেন্ডার সহ বাস্তবায়নের পদক্ষেপ দ্রুত গ্রহন করা যেতে পারে। তাই বর্তমান বরাদ্দের প্রেক্ষাপটে প্রতিটি ইউনিয়ন হতে ৩.০০ লক্ষ টাকা করে মোট ৫ x ৩.০০ = ১৫.০০ লক্ষ টাকা। প্রশাসন ও মাননীয় সাংসদ এর স্কীমের বিপরীতে ৬.০০ লক্ষ টাকার পিআইসি স্কীম বাস্তবায়ন করা যেতে পারে। বাকী বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে অন্যান্য স্কীম পরবর্তীতে বাস্তবায়ন করা হবে। টেন্ডার যোগ্য স্কীম সমূহের ইজিপি তে টেন্ডার আহবান করা হবে। অর্থ প্রাপ্তী সাপেক্ষে টেন্ডারকৃত স্কীম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করা যেতে পারে। | ক) অর্থ প্রাপ্তি সাপেক্ষে গৃহীত প্রকল্পসমূহে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনেরসিদ্ধান্ত গৃহীত হলো। | ক.উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর।<br>খ.উপজেলা প্রকৌশলী, নলডাঙ্গা, নাটোর।<br>গ.সংশ্লিষ্ট সকল |
| | খ. উপজেলা পরিষদের চলমান উন্নয়ন মূলক কাজ সংক্রান্ত আলোচনা | (খ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা প্রশাসনিক ভবনের ফ্লোর-এ টাইল্স বসানোর কাজ চলিতেছে। তবে উপজেলা নির্বাহী কর্মকর্তার বাসভবনের নির্মান কাজ প্রায় অল্প সময়ের মধ্যে শেষ হবে। তবে চলমান বাহিরের বাউন্ডারী ওয়ালের উচ্চতা দ্বিতীয় গ্রেড বীম হতে ৭'-০" ফুট ব্রীক ওয়ার্ক ও গ্রীল দ্বারা উন্নয়ন করা হলেও বাউন্ডারীর নিচের দিকে ওয়ারমেড দ্বারা Fancing কাজ দেখানো হয়েছে। যাহা নিরাপত্তার জন্য যথেষ্ট নহে। উপজেলা পরিষদের চেয়ারম্যান, | (খ) প্রকল্প পরিচালক এর সহিত ডিজাইন সংক্রান্ত সমাধানের বিষয়টি নিয়ে আলোচনার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | (খ) উপজেলা প্রকৌশলী, নলডাঙ্গা, নাটোর।<br>(২) সংশ্লিষ্ট সকল। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | উপজেলা নির্বাহী কর্মকর্তা ও অফিসারবর্গের সরে জমিনে পরিদর্শন করে নীচের Space এ ব্রীক ওয়ার্ক করা সঠিক বলে মনে করেন। তাই বর্তমান ডিজাইন অনুযায়ী নীচের অংশে Fancing ওয়ারমেড Protection Work না করে উক্ত গ্রেড বীমে ব্রীক ওয়ার্ক করা যাবে কিনা তাহার ডিজাইন সঠিকতা যাচাই সাপেক্ষে দ্রুত বাস্তবায়নের জন্য সমন্বয় সভায় আলোচনা হয়। পরবর্তীতে উপজেলা প্রকৌশলীকে ডিজাইন সংক্রান্ত সিদ্ধান্তের জন্য প্রকল্প পরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে দ্রুত সিদ্ধান্ত গ্রহনের জন্য বলা হলো। নলডাঙ্গা উপজেলা কমপ্লেক্স-এর জন্য প্রনীত মাষ্টার প্লান অনুযায়ী প্রস্তাবিত ইউএনও কোয়ার্টার ও উপজেলা চেয়ারম্যান কোয়ার্টারের জায়গাটি জমি অধিগ্রহন সংক্রান্ত জটিলতা থাকায় উপজেলা পরিষদের সমন্বয় সভায় আলোচনা হয়। এবং বর্তমানে মাষ্টার প্লান অনুযায়ী ডরমেটরীর জন্য প্রস্তাবিত জায়গাটি সর্বসম্মতিক্রমে ইউএনও কোয়ার্টার ও পার্শ্বেই উপজেলা চেয়ারম্যানের কোয়ার্টার মাষ্টার প্লানের সংশোধন হিসাবে উল্লেখ করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তার বাস ভবনটি সংরক্ষিত এলাকা হিসাবে বাস ভবনের চারদিকে ১৪৫'-০" x ১১৫'-০" জায়গা উন্মুক্ত না রেখে ফাউন্ডেশন সহ ১০'-৬" উচ্চতায় বাউন্ডারী ওয়াল নির্মান করার প্রস্তাব সভায় উপস্থাপন করেন। জমি সংক্রান্ত জটিলতা নিরশন হলে উক্ত স্থানে ডরমেরটরী বিল্ডিং ও প্লে গ্রাউন্ড হিসাবে উন্মুক্ত রাখা হবে। বর্তমানে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের নির্মান সংক্রান্ত ডি.পি.পি এখন ও পাওয়া যায়নি। তাই প্রাক্কলন প্রস্তুত করার বিষয়টি সঠিক হবে না বলে সভায় উল্লেখ করেন। | | |
| | গ. করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম সংক্রান্ত আলোচনা ঃ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, করোনা ভাইরাসের সেকেন্ড ওয়েভ শুরু হয়েছে। তাই এ ব্যাপারে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর সহায়তা হিসাবে ১ম কিস্তিতে ১,৮৩,০০০/- টাকা পাওয়া গিয়াছে। যাহা করোনা প্রতিরোধ মূলক মালামাল যেমন মাক্স, হ্যান্ডস্যানিটাইজার, সাবান ও ব্লিচিং পাউডার ক্রয় করা যেতে পারে। এবং একই সাথে দ্বিতীয় বরাদ্দের ৮৫,০০০/- টাকা পাওয়া গিয়াছে। যাহা (কোভিড-১৯) বিস্তাররোধ কল্পে শুধুমাত্র মাক্স ক্রয় করে বিনামূল্যে বিতরণ করার জন্য বিশেষ নির্দেশনা দেয়া হয়েছে। বিষয়টি যেহেতু জরুরী সেক্ষেত্রে প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ন করা যেতে পারে। | গ. দ্রুত আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | (খ) উপজেলা প্রকৌশলী, নলডাঙ্গা, নাটোর।<br>(২) সংশ্লিষ্ট সকল। |
| | ঘ. জাতির পিতা বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল সংক্রান্ত আলোচনা ঃ | উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, গত ফেব্রুয়ারী/২০২০ইং মাসে সকল উপজেলায় জাতীর পিতা বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল উপজেলা পরিষদের অভ্যন্তরে সুবিধাজনক যে কোন স্থানে জরুরী ভিত্তিতে নির্মানের নির্দেশনা থাকায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সকল বিধিবিধান অনুসরন পূর্বক বাস্তবায়নের জন্য অদ্য সমন্বয় সভায় আলোকপাত করেন। এবং ম্যুরাল নির্মানের লক্ষে সর্বোচ্চ ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এবং | ঘ. ম্যুরাল নির্মানের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ন ও সংবেদনশীল হওয়ায় উপজেলা রাজস্বখাত হতে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | ঘ.উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর।<br>খ.উপজেলা প্রকৌশলী, নলডাঙ্গা, নাটোর।<br>গ.সংশ্লিষ্ট সকল |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ম্যুরাল নির্মানের বিষয়টি অত্যন্ত জরুরী হওয়ায় প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে স্বল্প সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য আলোচনা করেন। | | |
| | ঙ. নলডাঙ্গা উপজেলার ইনভেন্টরীতে বাদ পড়া রাস্তা সম্পর্কে সংক্রান্ত আলোচনাঃ | ঙ. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নবসৃষ্ট উপজেলা নলডাঙ্গায় গুরুত্বপূর্ন রাস্তার আইডি না থাকার কারনে রাস্তাগুলির উন্নয়ন করা সম্ভব হচ্ছে না। তাই উপজেলার কারিগরী টিম কর্তৃক পরিদর্শন করে নির্বাহী প্রকৌশলী দপ্তরের সরবরাহকৃত নমুনা ফরম অনুযায়ী রাস্তাগুলির সংশোধিত তালিকা তৈরী করা হয়েছে। যাহা স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নিকট অনুমোদন ও গেজেট আকারে প্রকাশের জন্য প্রস্তাব উপস্থাপন করেন (তালিকা সংযুক্ত)। | ঙ. বাদ পড়া রাস্তার আইডি সংযোজন ও গেজেট আকারে অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ঙ. ১) উপজেলা প্রকৌশলী, নলডাঙ্গা, নাটোর।<br>(২) সংশ্লিষ্ট সকল। |
| ২ | ক. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) সংক্রান্ত। | ক. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান যে, সক্ষমতা উন্নয়ন মূলক প্রশিক্ষণ সংক্রান্ত উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি করে অনুমোদনের জন্য পিএমইউতে পাঠানো হয়েছিল এবং কিছু সংশোধনী দিয়েছে। তিনি আরো জানান যে, ইউজিডিপি এর আওতায় যে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প নির্বাচন হয়েছে সেগুলি উপজেলা প্রকৌশল অফিসের প্রয়োজনীয় ড্রইং, ডিজাউন ও প্রাক্কলন না থাকায় প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে প্রেরণ করা সম্ভব হয়নি। | ক. এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সম্মতির জন্য ১০ (দশ) লক্ষ টাকার সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প (প্রশিক্ষণ) এর সংশোধিত প্রস্তাবনা প্রেরণের এবং ৬০ (ষাট) লক্ষ টাকার অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের জন্য উপজেলা প্রকৌশল অফিসের প্রয়োজনীয় ড্রইং, ডিজাউন ও প্রাক্কলন এর জন্য জরুরী ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও ইউডিএফকে অনুরোধ করা হয়। | ক. ১. উপজেলা প্রকৌশলী, নলডাঙ্গা, নাটোর।<br>২. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), নলডাঙ্গা, নাটোর।<br>৩. উপজেলা প্রকৌশলী<br>৪. উপজেলা শিক্ষা অফিসার, নলডাঙ্গা<br>৫. উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), নলডাঙ্গা,<br>৬. সংশ্লিষ্ট সকল। |

২. বিভাগীয় আলোচনাঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ক.উপজেলা কৃষি দপ্তর | ক. উপজেলা কৃষি অফিসার, নলডাঙ্গা জানান যে, রোপা আমন মৌসুমে উফশী ধান ২৩৭৫ হেক্টর, স্থানীয় ধান-৬৫ হেক্টর, হাইব্রিড ধান-১৭০ হেক্টর জমিতে চাষে লক্ষ্য মাত্র ধরা হয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। রোপা আমন ধান কর্তন শেষ পর্যায়ে এবং ফলন বিঘা প্রতি ১৬-১৮ মণ। রবি/২০২০-২১ মসুর ১৫০ হেক্টর, গম ৫০ হেক্টর, পেঁয়াজ কন্দ ২৬০ হেক্টর, ভুট্টা ২৫০ হেক্টর, রসুন ১৮০ হেক্টর, সরিষা ১২০ হেক্টর, খেসারী ৫০ হেক্টর, ফুলকপি ১৮ হেক্টর, | ক. বিভাগীয় কাজে ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ক. উপজেলা কৃষি অফিসার, নলডাঙ্গা। |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td></td><td>বাধাকপি ১৫ হেক্টর, পালংশাক ১২ হেক্টর, টমেটো ১০ হেক্টর, সীম ৩০ হেক্টর, লাউ ৩৫ হেক্টর, আলু ২৫ হেক্টর। রবি/২০২০-২১ মৌসুমে মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মধ্যে বীজপ্রাপ্তি সাপেক্ষে সরিষা, মরিচ চাষী পরিবারকে প্রনোদনা বিতরণ করা হয়েছে এবং খেসারী বিতরণ করা হবে। পুষ্টি ঘাটতি পূরণ ও স্বাস্থ্য সুরক্ষায় বসতবাড়ীতে কৃষক/কৃষানী/খুচরা বালাইনাশক বিক্রেতাদের মধ্যে নিরাপত ফসল উৎপাদনের জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। মাঠ ফসলের আধুনিক কলাকৌশল ও উন্নত প্রযুক্ত ব্যবহার সম্পর্কে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে সার্বক্ষণিক পরামর্শ কার্যক্রম অব্যাহত রেখেছে। উপজেলার রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক মর্মে জানান । সারের মজুদ নিম্নে প্রদত্ত হলো :
<table>
<tr><th>সারের নাম</th><th>মজুদের পরিমাণ</th><th>মূল্য (বস্তা) টা.</th><th>প্রতি কেজি টা.</th></tr>
<tr><td>ইউরিয়া</td><td>১৫০ মে.ট.</td><td>৮০০/-</td><td>১৬/-</td></tr>
<tr><td>টিএসপি</td><td>৯০</td><td>১১০০/-</td><td>২২/-</td></tr>
<tr><td>ডিএপি</td><td>৩৩০</td><td>৮০০/-</td><td>১৬/-</td></tr>
<tr><td>এমওপি</td><td>১৪০</td><td>৭৫০/-</td><td>১৫/-</td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>খ.উপজেলা স্বাস্থ্য বিভাগ</td><td>খ. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নলডাঙ্গার প্রতিনিধি সভায় জানান যে, নলডাঙ্গা উপজেলায় ইপিআই কাজের অগ্রগতি (ক) পেন্টাভালেন্ট/পোলিও/পিসিভি: ১ম-১০৭%, ২য়-১০৬%, ৩য়-১০০%, বিসিজি-১১১%, এম.আর-১ম ৯৫% ২য়-৯৩%। যক্ষা ১৪ জন্য কে সেবা প্রদান করা হয়েছে, কোন কুষ্ঠ রোগী নাই। ১৮ সিসিতে তে ৬৫০০০ জন ও ০৬জনকে রেফার্ড করা হয়েছে। ০৩টি উপ-স্বাস্থ্য কেন্দ্র ৪৬০০ জন কে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে । আইএমসিআই তে ৪০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। হাট-বাজারে স্বাস্থ্য শিক্ষা সেশন ০১টিতে ২০০ জন অংশগ্রহণ করেছে। কোন কুষ্ঠ রোগী নাই । কোন সমস্যা নেই ।</td><td>খ.এধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো ।</td><td>খ. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নলডাঙ্গা।</td></tr>
<tr><td></td><td>গ. প্রাণি সম্পদ দপ্তর</td><td>গ. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার এর প্রতিনিধি জানান যে, গবাদি পশুর টিকা প্রদান লক্ষ্য মাত্রা ৩৪১২টি টিকা প্রদান করা হয়েছে ১৫৩৩টি, হাঁস মুরগীর টিকা প্রদান লক্ষ্য মাত্রা ৫৩৪০০ টিকা প্রদান করা হয়েছে ১১০৯৪, গবাদিপশু ও হাঁস মুরগীর টিকা বিক্রয় বাবদ রাজস্ব আয়-১১৮৫০/-, তরল সিমেন্স দ্বারা কৃত্রিম প্রজনন -২৫২টি, হিমায়িত সিমেন্স দ্বারা কৃত্রিম প্রজনন-১৫০টি, কৃত্রিম প্রজনন ফি আদায় বাবদ-৮২৮০/- টাকা আয় হয়েছে। আধুনিক প্রযুক্তি গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্পের খামারী বাছাই তালিকা চলমান। আধুনিক প্রযুক্তিতে গোরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্পের খামারী বাছাই তালিকা চলমান। গত ২৫/১১/২০২০ খ্রি. তারিখে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প মাধনগর ইউনিয়নে</td><td>গ.বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>গ. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর।</td></tr>
</table>

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | আয়োজন করা হয় এবং গরু-২০টি, ছাগল-৪৫টি সর্বমোট=৬৫ টি গবাদিপশুর চিকিৎসা প্রদান করা হয়। lumpy Skin Disease সম্পর্কে অবহিতকরণ।অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম যথা নিয়মে চলছে কোন সমস্যা নেই। | | |
| | ঘ.উপজেলা মৎস্য দপ্তর | ঘ.উপজেলা মৎস্য অফিসার, নলডাঙ্গা, নাটোর এর প্রতিনিধি জানান যে, উপজেলার হালতি বিলে এসময় কিছু অসাধু মৎসজীবী অবৈধ কারেন্ট জাল, বাধায়জাল, বানা দিয়ে মা মাছ ও পোনা এবং সৌতিজাল দিয়ে ছোট দেশীও প্রজাতির মাছ ধরে থাকে, বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, আইনশৃঙ্খলা বাহিনীসহ সকলের সহযোগিতা কামনা করেন। গত ২৫-১১-২০২০ খ্রি. তারিখে মোহনপুর দাড়ায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা করে স্রেতিতে ব্যবহৃত বাধাই জাল ও বানা আটক করে পুড়িয়ে ধ্বংস করা হয়। এসময় আইনশৃঙ্খলা বাহিনী, সাংবাদিক ও এলাকার জনসাধারণ উপস্থিত ছিলেন। মৎস্যচাষীদের নিয়মিত পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান রোগ নিরাময়ে কারিগরি পরামর্শ অব্যাহত রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঘ. প্রশাসন, জনপ্রতিনিধি আইনশৃঙ্খলা বাহিনীসহ সকলের সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো । | ঘ. অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা ,উপজেলা মৎস্য অফিসার, জনপ্রতিনিধি ও সুধীবৃন্দ নলডাঙ্গা। |
| | ঙ. উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | ঙ.উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ডিসেম্বর/২০২০ মাসে তার দপ্তরে মা ও শিশু স্বাস্থ্য সেবার কার্যক্রম মোটামুটি সন্তোষজনক রয়েছে । উপজেলা মোট সক্ষম দম্পতির সংখ্যা: ৩১২৬০ জন এবং মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা: ২৫৮৭৩জন পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৭৭ %। উপজেলা স্থায়ী পদ্ধতির লক্ষ্যমাত্রা ২৯, অর্জন-০৯, হার ৩১.০৩%। আইইউডির লক্ষ্যমাত্র-২৫, অর্জন-০৪, হার-১৬.০০% ইমপ্লান্ট এর লক্ষ্যমাত্র-৬২, অর্জন-২৮, হার ৪৫.১৬%। মা ও শিশু স্বাস্থ্য সেবার কার্যক্রম মোটামুটি সন্তোষজনক। | ঙ.স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | ঙ. উপজেলা পঃ পঃ অফিসার, নলডাঙ্গা। |
| | চ. উপজেলা সমাজসেবা দপ্তর | চ. উপজেলা সমাজসেবা কর্মকর্তা নলডাঙ্গা, নাটোর এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। | চ. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চ. উপজেলা সমাজসেবা অফিসার, নলডাঙ্গা |
| | ছ. উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | ছ. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনার জন্য অত্র উপজেলায় পাঁচটি ইউনিয়নে কমপক্ষে পাঁচটি প্রাথমিক সমবায় সমিতি গঠনের কাজ চলছে। সমিতি গঠনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা জন্য অনুরোধ করেন। দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই। | ছ. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ছ. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নলডাঙ্গা ও সংশ্লিষ্ট সকল। |
| | জ. উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | ছ. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নলডাঙ্গা জানান যে, করোনা পরিস্থিতির কারণে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের অনলাইনে ক্লাস হচ্ছে যা ছাত্র/ছাত্রী অনুসরণ করছে । উল্লেখ স্কুল, কলেজ মাদ্রাসা পর্যায়ে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রী এসাইনমেন্ট এর মাধ্যমে কার্যক্রম মূল্যায়ন অন্তে শিক্ষা প্রতিষ্ঠানে জমা রাখা হয়েছে। দপ্তরিক কার্যক্রম যথাযথভাবে সরকারি নির্দেশনা অনুযায়ী দূরত্ব | জ.বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | জ. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নলডাঙ্গা । |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বজায় রেখে কার্যক্রম পরিচালিত হচ্ছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র/ছাত্রীদের উপবৃত্তির কার্যক্রম চলিছে, এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে টেলিফোনের মাধ্যমে অবগত করা হয়েছে এবং প্রয়োজনীয় ফরমসূমহ বিতরণ করার হয়েছে। " সমন্বিত উপবৃত্তি কর্মসূচি" ইউজার আইডি নম্বর ও পার্সওয়াড এর কার্যক্রম চলমান ইউজার আই নম্বর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট তাঁহা প্রদান করা হয়েছে এবং উপবৃত্তির সংক্রান্ত কাগপত্রাদি অনলাইনের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। ২০২১ শিক্ষাবর্ষের জন্য বিনামূল্যের পাঠ্যপুস্তক ইতোমধ্যেই উপজেলা ২০% পুস্তক এসেছে এবং কার্যক্রম অব্যাহত আছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানের আগাম সর্তকতার সাথে করোনা ভাইরাস মোকাবেলার জন্য জরুরী ভিত্তিতে মাস্ক ব্যবহার ও সামাজিক দূরত্ব বজায় রেখে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। | | |
| | ঝ. উপজেলা শিক্ষা দপ্তর | জ. উপজেলা শিক্ষা অফিসার, নলডাঙ্গা জানান যে, দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। | ঝ.বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো । | ঝ. উপজেলা শিক্ষা অফিসার নলডাঙ্গা। |
| | ঞ. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর | ঞ. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নলডাঙ্গা জানান যে, ২০১৯-২০ ভিজিডি চক্রের ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত খাদ্য শস্য বিতরণ করা হয়েছে। মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি ২০২০-২০২১ অর্থ বছর প্রতিটি ইউনিয়নে ৫০ জন করে উপকারভোগীদের তালিকা চূড়ান্ত করা হয়েছে। সেচ্ছাসেবী মহিলা সমিতির অনুদানের চেক বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। ৫টি ইউনিয়ন পরিষদের ২০২১-২০২২ খ্রিষ্টাব্দের ভিজিডির তালিকা যাচাই বাছাই করে তালিকা চূড়ান্ত করা হয়েছে। কর্মজীবি ল্যাকিটেটিং মাদার তহবিল(পৌরসভা) কর্মসূচির আওতায় ২০২০-২০২১ অর্থবছরে নতুন ৫০জনের ব্যাংক হিসাব এবং আইএস সম্পন্ন করা হয়েছে। ডিসেম্বর/২০২০ খ্রি. নারী ও শিশু নির্যাতন কোন অভিযোগ পাওয়া যায় নাই। ডিসেম্বর/২০ মাসে একটি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঞ. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো । | ঞ.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নলডাঙ্গা |
| | ট. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ঞ.উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নলডাঙ্গা, নাটোর জানান যে, দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। | ট. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ট. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নলডাঙ্গা |
| | ঠ.ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা দপ্তর | ট.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। | ঠ. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ঠ. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নলডাঙ্গা । |
| | ড. উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | ড. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা প্রতিনিধি জানানা যে, সভায় দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। | ড. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ড.উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নলডাঙ্গা |
| | ঢ. উপজেলা যুব উন্নয়ন দপ্তর | ঢ. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা প্রতিনিধি জানানা যে, সভায় দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। | ঢ. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো । | ঢ.উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নলডাঙ্গা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ন.উপজেলা জনস্বাস্থ্য দপ্তর | ন. উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) সভায় জানান যে, জানান যে, দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। | ন. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ন.উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), নলডাঙ্গা |
| | প. সমবায় দপ্তর | ন. উপজেলা সমবায় অফিসার বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত । | প.বিভাগীয় কর্মপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | প.উপজেলা সমবায় অফিসার, নলডাঙ্গা |
| | ফ. বিদ্যুৎ বিভাগ | ফ.উপ-সহকারী প্রকৌশলী, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, নলডাঙ্গা জানান নলডাঙ্গা উপজেলায়, নতুন ৯৭টি মিটার স্থাপন করা হয়েছে, অভিযোগ সমাধান করা হয়েছে ৩৫৮টি, লাইন পরিদর্শন ৫৬৭কি.মি, লাইন রক্ষণাবেক্ষণ করা হয়েছে ৫০ কি.মি, নষ্ট ট্রান্সফরমার পরিবর্তন করা হয়েছে ০৫টি। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ফ. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ফ.জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ |
| | ব. বন বিভাগ | ব. উপজেলা বন কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই। | ব. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ব. (১) উপজেলা বন কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর।<br>(২) সংশ্লিষ্ট সকল |
| | ভ. আমার বাড়ী আমার খামার প্রকল্প সংক্রান্ত | ভ. উপজেলা সমন্বয়কারী জানান যে, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংকের নির্মাণ কাজ চলমান আছে। দাপ্তরিক কাজ কর্ম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই। | ভ. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ভ.উপজেলা সমন্বয়কারী, নলডাঙ্গা, নাটোর। |
| | ম. বিএডিসি(ক্ষুদ্র সেচ) | ম. সহকারী প্রকৌশলী(ক্ষুদ্রসেচ) জানান যে, বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ম. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ম. সহকারী প্রকৌশলী(ক্ষুদ্রসেচ), নাটোর। |
| | য. ইসলামিক ফাউন্ডেশন | য. ফিল্ড সুপারভাইজার জানান যে, বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | য. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | য. ফিল্ড সুপারভাইজার, নলডাঙ্গা, নাটোর |

৩ স্থানীয় সরকার বিভাগ সমূহের আলোচনাঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ক.নলডাঙ্গা পৌরসভা | ক.প্যানেল মেয়র, নলডাঙ্গা পৌরসভা সভায় অনুপস্থিত । এ দপ্তরের কর্মপত্র প্রেরণ করা হয়নি। কোন আলোচনা করা গেল না । | ক. বিভাগীয় কর্মপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | ক. মেয়র, নলডাঙ্গা পৌরসভা, নলডাঙ্গা |
| | খ. ১নং ব্রহ্মপুর ইউ,পি | খ চেয়ারম্যান, ১ নং ব্রহ্মপুর ইউ,পি জানান যে, তার ইউপির কাজ কর্ম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই। | খ. এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | খ. চেয়ারম্যান, ১নং ব্রহ্মপুর, ইউপি |
| | গ.২নং মাধনগর ইউপি | গ. চেয়ারম্যান, ২নং মাধনগর ইউ,পি জানান যে, তার ইউপির কাজ কর্ম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই। | গ. এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | গ. চেয়ারম্যান, ২নং মাধনগর, ইউপি |
| | ঘ.৩নং খাজুরা ইউপি | ঘ. চেয়ারম্যান, ৩নং খাজুরা ইউ,পি জানান যে, তার ইউপির কাজ কর্ম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই। | ঘ. এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ঘ. চেয়ারম্যান, ৩নং খাজুরা, ইউপি |
| | ঙ. ৪নং পিপরুল ইউপি | ঙ.৪নং চেয়ারম্যান ইউ,পি জানান যে, তার ইউপির কাজ কর্ম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই। | ঙ. এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ঙ.চেয়ারম্যান, ৪নং পিপরুল, ইউপি |
| | চ.৫নং বিপ্রবেল-ঘরিয়া ইউপি | চ. চেয়ারম্যান, বিপ্রবেলঘরিয়া ইউ,পি জানান যে, তার ইউপির কাজ কর্ম ভালভাবে চলছে । কোন | চ.এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | চ.চেয়ারম্যান, ৫নং বিপ্রবেলঘরিয়া |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সমস্যা নেই। | | ইউপি |

০৪ গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতিঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা পরিষদ সাধারণ সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন সংক্রান্ত | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার গত সভায় গৃহীত সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে উপস্থিত সকলেই যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে মর্মে জানান হয়। সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ ও কমিটির সকল সদস্য প্রতিটি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট দপ্তর বাস্তবায়ন করে তার অগ্রগতির প্রতিবেদন দাখিল করবেন এবং সভায় নিয়মিত উপস্থিত থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল দপ্তর |

০৫ কমিটির সুপারিশ সমূহঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৫ | কমিটির সুপারিশ | উপজেলা পরিষদ স্থায়ী কমিটির সভা বর্তমানে যেভাবে অনুষ্ঠিত হচ্ছে তেমনিভাবে চলমান রেখে সভা অনুষ্ঠানের ০৭ কার্যদিবসের মধ্যে রেজুলেশন প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান | পরিষদ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের ০৭ কার্যদিবসের মধ্যে রেজুলেশন প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল কমিটির সদস্য সচিব |

০৬ উপজেলা পরিষদের আয় ব্যয় নিয়ে আলোচনাঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা পরিষদের আয় ব্যয় সংক্রান্ত | ক. ক. আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ও উন্নয়ন তহবিল নামে ০২টি ব্যাংক হিসাবের মাধ্যমে উপজেলা পরিষদের আর্থিক লেনদেন সম্পন্ন করা হয়। রাজস্ব তহবিল সোনালী ব্যাংক লিঃ, নলডাঙ্গা হাট শাখার চলতি হিসাব নং: ২০০০০০০৭৭ তে ১২/১২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট স্থিতি:৬,৪৫,৪০৪.৪৮টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল, রুপালী ব্যাংক লিঃ, নলডাঙ্গা শাখার চলতি হিসাব নং: ৩৬২৪০২০০০০৬২৭তে স্থিতি ৬৬৬,০৫১.০০ টাকা মাত্র। | ক. ক. আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক আর্থিক হিসাব পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রতি মাসের ১ম তারিখে পূর্ববর্তী মাসের ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহ করতে হবে। স্টেটমেন্ট সংগ্রহ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর। |

০৭ বিবিধঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ক.চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং ভাইস চেয়ারম্যানদের সম্মানীভাতা ও ভ্রমন ভাতা বিল। | ক. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা আলোচনাকালে জানান যে, ডিসেম্বর/২০২০ মাসে তাঁর বাড়ী ভাড়া বাবদ ৫,০০০/- টাকা ও ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী ভাতা ৪০,০০০/-টাকা এবং নভেম্বর/২০২০-ডিসেম্বর/২০২০ ভ্রমণ ভাতা ১৮৭৫০/- টাকা, ভাইস চেয়ারম্যান (পুরুষ) এর ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-টাকা ও নভেম্বর/২০২০-ডিসেম্বর/২০২০ ভ্রমণ ভাতা | ক. বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, উপঃ পরিঃ এর ডিসেম্বর/২০২০ মাসে তাঁর বাড়ী ভাড়া বাবদ ৫,০০০/- টাকা ও ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী ভাতা ৪০,০০০/-টাকা এবং নভেম্বর/২০২০-ডিসেম্বর/২০২০ ভ্রমণ ভাতা ১৮৭৫০/- টাকা, ভাইস চেয়ারম্যান (পুরুষ) এর | ক. উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর। |

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- | --- |
| | | বাবদ ১১০০০/- টাকা; মহিলা ভাইস-চেয়ারম্যান এর ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী ভাতা ২৭,০০০/- টাকা ও নভেম্বর/২০২০-ডিসেম্বর/২০২০ মাসের ভ্রমণভাতা বাবদ-১১০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব রাখেন। | ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-টাকা ও নভেম্বর/২০২০-ডিসেম্বর/২০২০ ভ্রমণ ভাতা বাবদ ১১০০০/- টাকা; মহিলা ভাইস- চেয়ারম্যান এর ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী ভাতা ২৭,০০০/- টাকা ও নভেম্বর/২০২০-ডিসেম্বর/২০২০ মাসের ভ্রমণভাতা বাবদ-১১০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | খ.উপজেলা পর্যায়ে টুকিটাকি খরচ সংক্রান্ত | খ. উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২০ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ=৫০০০/- টাকা, আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- এবং স্থায়ী কমিটি সভার আপ্যায়ন বাবদ ৩০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা জন্য সভায় উপস্থাপন করেন। | খ. উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২০মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ=৫০০০/-টাকা, আপ্যায়ন ব্যয় বাবদ=৩০,০০০/- টাকা এবং স্থায়ী কমিটি সভার আপ্যায়ন বাবদ ৩০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | খ. উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর। |
| | গ. উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ী ঘ-১১-০০২৭ মেরামত সংক্রান্ত | গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ী ঘ-১১-০০২৭ মেরামত ও সার্ভিসিং বাবদ ৪১২৬/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব রাখেন। | গ. উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ী ঘ-১১-০০২৭ নং মেরামত ও সাভিসিং ৪১২৬/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ঘ. উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর। |
| | ঘ.মালী ও পরিচ্ছন্ন কর্মীর ভাতা প্রদান সংক্রান্ত। | ঘ. উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা আলোচনাকালে জানান যে, ডিসেম্বর/২০২০ মাসে মালীর ও পরিচ্ছন্নকর্মীর ৩১ দিনের মজুরী বাবদ ১৭০৫০/- টাকা করে মোট ৩৪,১০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব রাখেন। | ঘ. মালী ও পরিচ্ছন্নকর্মীর ডিসেম্বর /২০২০ মাসের ৩১ দিনের মজুরী বাবদ ১৭০৫০ টাকা করে মোট ৩৪,১০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ঘ. উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর। |
| | ঙ. উপজেলা পরিষদের নেটওয়ার্কে সংযোগের খরচ বাবদ | ঙ. উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের নেটওয়ার্কে সংযোগের খরচ বাবদ ৬২৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা জন্য সভায় উপস্থাপন করেন। | ঙ. উপজেলা পরিষদের নেটওয়ার্কে সংযোগের খরচ বাবদ ৬২৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ঙ. উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ আসাদুজ্জামান আসাদ )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নলডাঙ্গা, নাটোর ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর
www.naldanga.natore.gov.bd

নং-০৫.৪৩.৬৯৫৫.০০০.০৪.০১৪.১৮-**৪৩**

তারিখ: ১০ মাঘ ১৪২৭ / ২৪ জানুয়ারি ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. মাননীয় সংসদ সদস্য, ৫৯ নাটোর-২ (নাটোর সদর-নলডাঙ্গা)।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫. জেলা প্রশাসক, নাটোর।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর ।
৭. মেয়র, নলডাঙ্গা পৌরসভা, নলডাঙ্গা, নাটোর।
৮. উপজেলা..........................................................অফিসার, নলডাঙ্গা, নাটোর।
৯. চেয়ারম্যান..........................................................ইউপি, নলডাঙ্গা, নাটোর।
১০. অফিস নথি।

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর।
ফোন-০৭৭৩২-৫১০০১
ই-মেইল: unonaldanga@mopa.gov.bd